দৈনিক জনকণ্ঠ

তারিখ 19 JAN 1997
পৃষ্ঠা 2 কলাম 3

30

# জা.বি.তে শিক্ষক নিয়োগকে কেন্দ্র করে বিভাগীয় চেয়ারম্যানের পদত্যাগ

**জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়, ১৮ জানুয়ারি। (সংবাদদাতা)।**- জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের সরকার ও রাজনীতি বিভাগে যোগ্য প্রার্থীকে প্রভাষক হিসাবে মনোনয়ন না দেয়ার প্রতিবাদে বিভাগীয় চেয়ারম্যান ডঃ খুরশীদা বেগম শনিবার পদত্যাগ করেছেন।

জানা যায়, সম্প্রতি সরকার ও রাজনীতি বিভাগে দু'জন প্রভাষক নিয়োগের জন্য পত্রিকায় বিজ্ঞাপন দেয়া হয়। বিজ্ঞাপনের শর্ত হিসাবে অনার্স এবং মাস্টার্স পর্যায়ের যে কোন একটিতে প্রথম শ্রেণী চাওয়া হয়। প্রার্থীর গবেষণা ও প্রকাশনা থাকলে তাঁকে অগ্রাধিকার দেয়া হবে এমন শর্তও বিজ্ঞাপনে দেয়া হয়। গত ১২ জানুয়ারি দু'জন প্রভাষক নিয়োগের জন্য আবেদনকারীদের সাক্ষাতকারে ডাকা হয়। প্রার্থীদের যোগ্যতা যাচাই করে সম্প্রতি ঢাকা বিশ্ববিদ্যালয় থেকে অনার্স ও মাস্টার্স পাস করেছেন এমন দু'জনকে নির্বাচিত করা হয়। তাঁদের উভয় ক্ষেত্রেই প্রথম শ্রেণীর ডিগ্রী রয়েছে।

ডঃ খুরশীদা বেগম বিভাগীয় শিক্ষকদের সুপারিশের ভিত্তিতে জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় থেকে পাস করা একজন প্রার্থীকে মনোনয়নদানের জন্য নির্বাচকমণ্ডলীকে অনুরোধ করেন। উল্লেখ্য, বিভাগের সুপারিশকৃত প্রার্থী দেড় বছর ধরে চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ে শিক্ষকতা করছেন। তাঁর নিজস্ব প্রকাশনা রয়েছে এবং তিনি ভারত থেকে শিক্ষাদানের ওপর প্রশিক্ষণ নিয়েছেন। চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ে শিক্ষাদানরত প্রার্থী দেশের বিশিষ্ট অর্থনীতিবিদ অধ্যাপক রেহমান সোবহানের অধীনে অর্থনীতি বিষয়ে গবেষণাকর্ম শেষ করেছেন। এসব যোগ্যতা থাকা সত্ত্বেও অনার্স ও মাস্টার্সের কেবল একটিতে প্রথম শ্রেণী থাকায় নির্বাচকমণ্ডলী তাঁকে মনোনয়ন দেয়নি।